বিপুল ফেন্সিডিল ও টাকাসহ সাবেক ছাত্রলীগ নেতা গ্রেফতার

পিরোজপুর সদর উপজেলার ঝাটকাঠি এলাকা থেকে ৩০৩ বোতল ফেন্সিডিল এবং নগদ প্রায় পাঁচ লক্ষ টাকাসহ এক স্কুল শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার হওয়া স্কুলশিক্ষক মশিউর রহমান শুভ (৩২) ছাত্রলীগের সাবেক নেতা।

রবিবার দিবাগত রাত সাড়ে ১১টার দিকে সদর উপজেলার ঝাটকাঠী এলাকা থেকে শুভ ও তার সহযোগী সঞ্জয় কুমার বসুকে গ্রেফতার করা হয়েছে বলে জানান অতিরিক্ত পুলিশ সুপার মোল্লা আজাদ হোসেন। এ সময় শুভ’র বাড়ি থেকে মাদক ব্যবসার ৪ লক্ষ ৯৮ হাজার ৫৩০ টাকা উদ্ধার করা হয়েছে। শুভ সরকারী সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদের সাবেক ক্রীড়া সম্পাদক ও পিরোজুপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি মেজবা উদ্দিন সাবুর ভাই।
মশিউর রহমান শুভ সদর উপজেলার ঝাটকাঠী এলাকার আশরাফ আলীর পুত্র এবং সঞ্জয় কুমার বসু (৩০) সদর উপজেলার আলামকাঠীর রনজিত কুমার বসুর পুত্র। ছাত্রলীগের সাবেক নেতা শুভ বর্তমানে পিরোজপুর সদর উপজেলার একটি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে কর্মরত আছেন।

পিরোজপুর সদর থানার ওসি নুরুল ইসলাম বাদল জানান, গোপন সংবাদের ভিত্তিতে পৌর সভার ২ নং ওয়ার্ডেল ঝাটকাঠী এলাকার মশিউর রহমান শুভর বাড়িতে পুলিশ অভিযান চালায়। এ সময় বাড়ির ভিতরের খাট ও আলমাড়ির ভিতর থেকে ৩০৩ বোতল ফেন্সিডিল ও ঘরের বিভিন্ন স্থানে তল্লাশি চালিয়ে মাদব ব্যবসার ৪ লক্ষ ৯৮ হাজার ৫৩০ টাকা উদ্ধার করা হয়। অভিযান চলাকালে এ সময় বাড়ির ভিতরে থাকা মশিউর রহমান শুভ ও সঞ্জয় কুমার বসু নামের দুই জনকে গ্রেফতার করে পুলিশ।

অতিরিক্ত পুলিশ সুপার মোল্লা আজাদ হোসেন জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হচ্ছে এবং এ মাদক ব্যবসার সাধে অন্য কেউ জড়িত আছে কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে।